

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭

১/ বিবিধ

আরবী

اثنتان لا تقربهما: الشرك بالله والإضرار بالناس لا أصل له

وقد اشتهر بهذا اللفظ ولم أقف عليه في شيء من كتب السنة، ولعل أصله ما في " الإحياء " للغزالي (2 / 185) قال صلى الله عليه وسلم: خصلتان ليس فوقهما شيء من الشر: الشرك بالله والضر لعباد الله، وخصلتان ليس فوقهما شيء من البر: الإيمان بالله، والنفع لعباد الله

وهو حديث لا يعرف له أصل

قال العراقي في تخريجه: ذكره صاحب الفردوس من حديث علي، ولم يسنده ولده في مسنده

ولهذا أورده السبكي في الأحاديث التي وقعت في " الإحياء " ولم يجد لها إسنادا (4 / 156)

বাংলা

৭। দু'টি বস্তুর নিকটবর্তী হয়ো না, আল্লাহ্র সাথে শরীক স্থাপন করা এবং মানুষের ক্ষতি সাধন করা। হাদীসটির কোন ভিত্তি নেই।

হাদীসটি এ বাক্যেই পরিচিতি লাভ করেছে। সুন্নাহের কোন গ্রন্থে এর ভিত্তি সম্পর্কে অবহিত হইনি। হতে পারে এর মূলে আছে গাযালীর "আল-ইহইয়া" গ্রন্থে (২/১৮৫) বর্ণিত কথিত হাদীস।

হাফিয ইরাকী তার "তাখরীজ" গ্রন্থে বলেনঃ হাদীসটি "ফিরদাউস" গ্রন্থের রচনাকারী আলী (রাঃ)-এর হাদীস হতে



উল্লেখ করেছেন। কিন্তু তার ছেলে তার "মুসনাদ" গ্রন্তে মুসনাদ হাদীস হিসাবে উল্লেখ করেননি।

এ কারণেই সুবকী সেটিকে সেই সব হাদীসগুলোর অন্তর্ভুক্ত করেছেন (৪/১৫৬) যেগুলো "আল-ইহইয়া" গ্রন্থে এসেছে, অথচ তিনি সেগুলোর কোন সনদ পাননি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন